

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮০০
উদয়পুর, ৭ ফেব্রুয়ারি, ২০২৪

মহারানী জল উৎসবের উদ্বোধন
জলপথে পর্যটকদের মহারানী ব্যারেজ থেকে ছবিমুড়ায়
নিয়ে যাওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে : অর্থমন্ত্রী

বর্তমান সরকার রাজ্যের পর্যটনস্থলগুলিকে বিশ্বের দরবারে তুলে ধরার লক্ষ্যে ইতিমধ্যেই অনেক পদক্ষেপ নিয়েছে। যার ফলস্বরূপ রাজ্যে পর্যটকদের আগমন আগের তুলনায় অনেকটাই বৃদ্ধি পেয়েছে। পর্যটনস্থলগুলির পরিকাঠামো উন্নয়নেও রাজ্য সরকার উদ্যোগ নিয়েছে। গতকাল মহারানী জল উৎসবের উদ্বোধন করে এ কথা বলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এই জল উৎসবের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন রাজ্য সরকার রাজ্যের কৃষ্টি ও সংস্কৃতির বিকাশে কাজ করছে। তিনি বলেন, জলপথে পর্যটকদের মহারানী ব্যারেজ থেকে ছবিমুড়া যাওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। জলকে কেন্দ্র করে এই উৎসবের আয়োজন করা হয়। কিন্তু শুধুমাত্র উৎসবের আয়োজন করলেই হবেনা, জলকে সংরক্ষণও করতে হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক অভিষেক দেবরায় বলেন, মেলায় সমাজের সকল অংশের মানুষের অংশগ্রহণের মধ্যদিয়ে ঐক্য ও সংহতি সুদৃঢ় হয়। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহঅধিকর্তা মনোজ দেববর্মা। স্বাগত ভাষণদেন মাতাবাড়ি ব্লকের বিডিও শুভব্রত দে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির কৃষি বিষয়ক স্থায়ীকমিটির সভাপতি রফিক মিঞা প্রমুখ।
